

সেই-তো আমি

আমাকে খুঁজতে যেও না বৃথা
আলো বলমল কোন শপিং মলে, কিংবা
আনন্দ নগরীর উৎসব মুখর জনপদে
----- ওখানে আমি নাই

বহতা নদীর ভাটির স্রোতে
শেকড় কাটা যে কচুরীপানা ভেসে যেতে দেখে
তোমার মন অকারণেই উদাস হয়ে গিয়েছিল,
----- সেই-তো আমি

রূপ রস গন্ধে বিভোর বসন্তে
মঞ্জরিত শাখায় যে নিঃসঙ্গ পাখির করুণ ডাক শুনে
তোমার বুকের ভিতরে হু-হু করে কান্না জমেছিল,
----- সেই-তো আমি

ভাঙা হাটের আলো নেভা ছায়ায়
পারাগির শেষ কড়ি হারিয়ে চোখের জলে ভাসছিল যে
যাকে দেখে তোমার চোখেও ঢল নেমেছিল,
----- সেই-তো আমি

তোমার দুঃখ বেদনার সবটুকু জুড়ে আমিই তো আছি

ঢাকা : ১৪.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম